# মধ্যপ্রাচ্যে উত্তেজনার মধ্যেই চীন সফরে ইরানের পররাষ্ট্রমন্ত্রী



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যে চলমান সংঘাত ও বাড়তে থাকা উত্তেজনার মধ্যে কূটনৈতিক যোগাযোগ বাড়াচ্ছে বিভিন্ন দেশ। এর অংশ হিসেবে বুধবার (১৬ সেপ্টেম্বর) সরকারি সফরে চীন যাচ্ছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি।

সফরে চীনের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করবেন তিনি। এসব আলোচনায় তেহরান ও বেইজিংয়ের দ্বিপক্ষীয় সম্পর্কের পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় গুরুত্ব পাবে।

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই সফরের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, চীনা কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে দুই দেশের পারস্পরিক সম্পর্ক ও অভিন্ন স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে আলোচনা করবেন আরাঘচি।

আল জাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, ইরানের পররাষ্ট্রমন্ত্রীর চীন সফরের বিষয়টি বেইজিংও নিশ্চিত করেছে। সফরে চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই-এর সঙ্গে আরাঘচির বৈঠক হওয়ার কথা রয়েছে।

বৈঠকে দ্বিপক্ষীয় সম্পর্কের পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক পরিস্থিতি নিয়ে আলোচনা হতে পারে। মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন অঞ্চলে চলমান রাজনৈতিক ও কূটনৈতিক তৎপরতার মধ্যেই এই সফর অনুষ্ঠিত হচ্ছে।

ইরান ও চীনের মধ্যে দীর্ঘদিন ধরে রাজনৈতিক, অর্থনৈতিক ও কৌশলগত সহযোগিতা রয়েছে। এবারের সফরে দুই দেশের সম্পর্কের বিভিন্ন দিক নিয়ে আলোচনার পাশাপাশি আঞ্চলিক পরিস্থিতি নিয়েও মতবিনিময় হতে পারে।

LENS ASIA